

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা

সভার কার্যবিবরণী

সভাপতি	জাবেদ আহমেদ অতিরিক্ত সচিব
সভার তারিখ	২০.১১.২০১৭
সভার সময়	বেলা: ২:৩০ ঘটিকা
স্থান	অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের অফিস কক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-১৭২২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-কতে দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভায় উল্লেখ করেন যে, মুক্তিযুদ্ধ জাদুঘর টিচার্স নেটওয়ার্কের মাধ্যমে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিষয় কনটেন্ট তৈরীর উদ্যোগ নেয়া হচ্ছে। এটি যাতে সারাদেশের শিশুদের মধ্যে শেয়ার করা যায় সে ব্যবস্থা নিতে হবে। উক্ত ভাষণের কনটেন্ট তৈরীর জন্য অধ্যকার সভায় উপস্থিত সদস্যদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কনটেন্ট তৈরির বিষয়ে সদস্যদের মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

২.০ সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত মুক্তিযুদ্ধ জাদুঘরের প্রতিনিধি বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের উপর পাওয়ার পয়েন্টে ভাষণের একটি খসড়া কনটেন্ট উপস্থাপন করেন এবং তিনি উল্লেখ করেন যে, এটি তারা মোবাইল মিউজিয়ামের মাধ্যম বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার করে থাকেন। সভায় উপস্থিত সদস্যগণ মুক্তিযুদ্ধ জাদুঘরের এ খসড়া কনটেন্ট তৈরির উদ্যোগ উৎসাহিত করেন এবং এটি আরো পরিমার্জন ও সংশোধন করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন।

৩.০ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রতিনিধি সভায় জানান যে, নবম ও দশম শ্রেণির পাঠ্যপুস্তকে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ অন্তর্ভুক্ত রয়েছে। সভায় এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

গৃহীত সিদ্ধান্তসমূহ:

- ৩.১ মুক্তিযুদ্ধ জাদুঘর তাদের প্রণীত কনটেন্ট আরো পরিমার্জন ও সংশোধন করে পরবর্তী সভায় উপস্থাপন করবে;
- ৩.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মুক্তিযুদ্ধ জাদুঘর এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড একত্রে কনটেন্ট তৈরি করবে যা আগামী ৭ই মার্চ/২০১৮ তারিখে উদ্বোধন করা হবে;
- ৩.৩ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর ওয়েব সাইটে উক্ত ভাষণের কনটেন্টটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৩.৪ মুক্তিযুদ্ধ জাদুঘর কর্তৃক প্রণীত ৭ই মার্চের বঙ্গবন্ধুর ভাষণের কনটেন্টটি তাদের ওয়েব সাইটে আপলোড করবে;
- ৩.৫ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ৭ই মার্চের বঙ্গবন্ধুর

ভাষণের কনটেন্টটি প্রচারের উদ্যোগ গ্রহণ করবে।

৫.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.০৬.০০৪.১৭.৯৬

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৪

২৭ নভেম্বর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২) যুগ্ম-সচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ৫) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
- ৬) মহাপরিচালক, মুক্তিযুদ্ধ জাদুঘর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৭) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) উপ-সচিব, সরকারি মাধ্যমিক-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অসীম কুমার কর্মকার
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)